বাংলাদেশ বিলবোর্ড এডভার্টাইজিং ওনার্স এসোসিয়েশন
Bangladesh Billboard Advertising Owners Association
৩১ পুরানা পল্টন (১০ম তলা), ঢাকা-১০০০, ফোনঃ ৯৫৬৯৯৯৫, মোবাইলঃ ০১৯৭৭৮২৩১২৮, ই-মেইল : bbaoa2015@gmail.com

# জরুরী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম। আপনাদের সকলকে অত্যন্ত আনন্দের সহিত জানাচ্ছি যে আমরা অতি দ্রুত একটি সুন্দর ও তথ্যবহুল মেম্বারস ডিরেক্টরি আপনাদের সকলের হাতে হাতে পৌঁছে দেয়ার জন্য আমরা আপ্রাণ চেষ্টা করে যাচ্ছি। একটি তথ্যবহুল মেম্বারস ডিরেক্টরি আমাদের ব্যবসায়িক পরিধিকে আরো বড় , সুশৃংখল এবং সমৃদ্ধশালী করবে বলে আমরা আশা রাখি। এরই ধারাবাহিকতায় আপনাদের সকলের সম্মিলিত সহযোগিতায় আমরা একটি সুন্দর তথ্যবহুল মেম্বারস ডিরেক্টরি আপনাদের মাঝে উপহার দিতে চাই।

আপনারা আপনাদের ব্যবসার ইতিহাস ,সমস্যা সমাধান, বিভিন্ন কর্তৃপক্ষের সাথে বিভিন্ন সমস্যা ও সমাধান, গ্রাহকদের সাথে সম্পর্ক উন্নয়নে তাদের সাথে বিভিন্ন সময়ের সমস্যা ও সমাধান বিষয়ে এছাড়াও জাতীয় অর্থনীতিতে আউটডোর এডভার্টাইজিং ব্যবসা যে বড় ভূমিকা রাখে এ বিষয়গুলো নিয়ে লিখতে পারেন। এছাড়াও ব্যবসায়ের ভবিষ্যৎ সম্ভাবনা পরিকল্পনা ব্যবসায়ীদের সাথে ব্যবসায়ীদের সম্পর্ক উন্নয়ন এ বিষয়গুলো নিয়ে লিখতে পারেন। এছাড়াও এ ব্যবসায়ের প্রবীণ সদস্যদের নিকট থেকে তাদের ব্যবসায়িক জীবনের বিভিন্ন স্মৃতিচারণামূলক লেখা আহবান করছি। ব্যবসায়ী সদস্যদের মধ্যে যাদের সন্তানরা ভালো ছবি আঁকতে পারে বা ছড়া কবিতা লিখতে পারে তাদের কাছ থেকেও লেখা, ছবি আহবান করছি।

বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অতি জরুরি বিধায় সকলকে আগামী এক সপ্তাহের (০৭ দিন) মধ্যে দপ্তর সম্পাদকের নিকট আপনাদের লেখা আহবান করছি।

ধন্যবাদান্তে,

মোঃ রাজীব উদ্দিন
দপ্তর সম্পাদক
বাংলাদেশ বিলবোর্ড এডভার্টাইজিং ওনার্স এসোসিয়েশন (বিবিএওএ)
মোবাইল : ০১৭২৩৩২০৫৬৬